# Times Today BD

হিমেল আহমেদ অপি | ঢাকা | 27 April, 2025

পৌর ভবন নির্মাণ ও অফিস সহকারী নিয়োগ পরীক্ষায় অনিয়মের অভিযোগে ভেদরগঞ্জ পৌরসভায় অভিযান চালিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।অভিযানের সময় সংশ্লিষ্ট বিভিন্ন গুরুত্বপূর্ণ নথিপত্র জব্দ করেছে সংস্থাটি।

রোববার (২৭ এপ্রিল) বেলা ১১টা থেকে দুপুর পর্যন্ত মাদারীপুর-শরীয়তপুর দুর্নীতি দমন কমিশনের সমন্বিত জেলা টিম এ অভিযান পরিচালনা করে।

অভিযান শেষে দুদক জানায়, দীর্ঘদিন ধরে ভেদরগঞ্জ পৌরসভার বিভিন্ন উন্নয়ন প্রকল্প, ভবন নির্মাণ এবং নিয়োগ পরীক্ষায় ব্যাপক দুর্নীতি ও অনিয়মের অভিযোগ ছিল।এসব অভিযোগের ভিত্তিতে উপ-সহকারী পরিচালক সাইদুর রহমান অপুর নেতৃত্বে পাঁচ সদস্যের একটি দল ভেদরগঞ্জ পৌরসভায় অভিযান চালায়।অভিযানের সময় পৌরসভার কর্মকর্তাদের কাছ থেকে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয় এবং গুরুত্বপূর্ণ নথিপত্র জব্দ করা হয়।

দুদকের উপ-সহকারী পরিচালক সাইদুর রহমান অপু বলেন, "প্রাথমিকভাবে পৌর ভবন নির্মাণ ও অফিস সহকারী নিয়োগ পরীক্ষায় কিছু অনিয়মের আভাস পাওয়া গেছে।নথিপত্র যাচাই-বাছাই শেষে বিস্তারিত তদন্তের মাধ্যমে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।'
তিনি আরও বলেন, দুর্নীতির বিরুদ্ধে "জিরো টলারেন্স" নীতির আওতায় সারা দেশের মতো ভেদরগঞ্জেও এ অভিযান পরিচালিত হয়েছে।

পৌর ভবন পৌরসভা ভেদরগঞ্জ দুদক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:14

URL: https://www.timestodaybd.com/dhaka/1532775807